

শিক্ষার্থীদের জিজ্ঞাসিত প্রশ্ন ও তার উত্তরঃ

ঠাকুরগাও

প্রশ্নঃ Trojan Horse- এর মত ভাইরাস সমূহ থেকে নিজের ডিভাইসকে নিরাপদ রাখব কিভাবে?

উত্তরঃ সাধারণত আমাদের কাছে যেসব ফাইল ও লিঙ্কের সাজেশন আসে তার মধ্যে এই ধরনের ভাইরাস লুকিয়ে থাকে। আমরা যখন অসতর্কভাবে সেসব ফাইল বা লিঙ্কের উপর ক্লিক করি, তখন ভাইরাস আমাদের ডিভাইসকে ক্ষতিগ্রস্ত করে। তাই Trojan Horse- এর মত ভাইরাস থেকে কম্পিউটার বা অন্যান্য ডিভাইসকে নিরাপদ রাখার জন্য কোন ফাইল ওপেন করা বা অপরিচিত লিঙ্কে ক্লিক করার ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে।

প্রশ্নঃ সাইবার বুলিং এর মত অপরাধ হতে আমরা কিভাবে নিজেদের রক্ষা করব?

উত্তরঃ সাইবার বুলিং এর মত অপরাধ হতে নিরাপদ থাকার জন্য প্রথমে আমাদের নিজেদের সচেতনতা প্রয়োজন। সামাজিক যোগাযোগ মাধ্যমে বন্ধু নির্বাচনে আমাদের সতর্ক হতে হবে। কোন বিষয় শেয়ার করার আগে ভালোভাবে যাচাই করতে হবে। প্রয়োজনে নিজেদের প্রোফাইল লক করে রাখা যেতে পারে। বিষয়টি যদি মানহানির পর্যায়ে পড়ে, তাহলে নিকটস্থ থানায় অভিযোগ করা যেতে পারে।